মেহেরপুরে হেরোইনসহ তিন মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরে ২০ গ্রাম হেরোইন সহ ২ বছরের সাজাপ্রাপ্ত আসামী শাহারুল ইসলাম ওরফে মাইকেল সেই সাথে বজলুার রহমান ও ফিকির শেখ নামের তিন মাদক ব্যবসায়ী কে আটক করেছে মেহেরপুর ডিবি পুলিশ।

বুধবার মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা গ্রাম থেকে তাদের আটক করা হয়।

আটক মাইকেল স্টেডিয়াম পাড়ার কুবাত আলীর ছেলে, বজলুর রহমান সদর উপজেলার শালিকা গ্রামের মিকাইল হোসেন এর ছেলে ও ফিকির সদর উপজেলার রাইপুর গ্রামের বাহাদুর শেখ এর ছেলে।

জেলা গোয়েন্দা পুলিশের ওসি রবিউল ইসলাম জানান, গোপন সংবাদের ভিত্তিতে সদর উপজেলার বুড়িপোতা গ্রামে অভিযান

চালিয়ে তিন মাদক ব্যবসায়ীকে ২০ গ্রাম হেরোইন সহ আটক করা হয়। আটককৃত দের নামে মেহেরপুর সদর থানায় একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

- নিজস্ব প্রতিনিধি

গাংনীতে ছাত্রলীগের প্রতিবাদ বিক্ষোভ অব্যহত

মেহেরপুরের গাংনী উপজেলা ছাত্রলীগের মেয়াদোত্তীর্ণ কমিটি বিলুপ্ত করে ঘোষিত নতুন কমিটির প্রতিবাদে দ্বিতীয় দিনের মতো বিক্ষোভ সমাবেশ করেছে ছাত্রলীগের নেতাকর্মীরা।

অযোগ্যদের দিয়ে নতুন কমিটি করা হয়েছে অভিযোগ তুলে নতুন কমিটি গঠনের দাবিতে মঙ্গলবার দুপুরে গাংনী শহরে বিক্ষোভ মিছিল ও

সমাবেশ করা হয়।
রোববার রাতে জেলা ছাত্রলীগ এ কমিটি ঘোষণা করে। এর প্রতিবাদে সোমবার বিক্ষোভ সমাবেশ ও জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদকের কুশপুত্তলিকা দাহ করে ছাত্রলীগের নেতাকর্মীরা।

প্রতিবাদ কর্মসুচীর অংশ হিসেবে আজ দুপুরে গাংনী হাসপাতাল বাজার থেকে বিক্ষোভ মিছিল শুরু হয়। মিছিলটি গাংনী বাস স্ট্যান্ডে সমাবেশের মধ্য দিয়ে শেষ হয়। সেখানে বক্তব্য রাখেন পৌর ছাত্রলীগ সভাপতি ইমরান হাবীব, কলেজ ছাত্রলীগ সভাপতি মাহমুদ হাসিবসহ ছাত্রলীগের বিভিন্ন ইউনিট নেতৃবৃন্দ।

ঝিনাইদহ লেডিস ক্লাবের উদ্যোগে শীতবস্ত্র বিতরণ করছেন

ঝিনাইদহ লেডিস ক্লাবের পক্ষ থেকে শীতার্তদের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে।

মঙ্গলবার দুপুরে শহরের পুরাতন ডিসি কোর্ট মুক্তমঞ্চে এ কম্বল বিতরণ করা হয়।

এসময় লেডিস ক্লাবের সভাপতি জেলা প্রশাসক পত্নী শ্যামলী রানী নাথ, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা বদরোদ্দাজা শুভ, সহ-সভাপতি রোজী আহমেদ, ক্রীড়া সম্পাদক শাহরিনা আক্তার, সদর উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান আরতী রানী দত্ত, সদস্য ঋতু দাস, সেলিনা রহমান মিনা, নমিতা ভৌমিক, রাশেদা খানম প্রমুখ। অনুষ্ঠান পরিচালনা করেন জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট লায়লা ইয়াসমিন।

পরে শীতার্ত অসহায় ও দুস্থদের মাঝে কম্বল বিতরণ করা হয়।

- ঝিনাইদহ প্রতিনিধি

মুজিববর্ষ উপলক্ষে মেহেরপুর পৌরসভার প্রস্তুতি সভা

মুজিববর্ষ উপলক্ষে মেহেরপুর পৌরসভার প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার দুপুরে পৌরসভার সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

মুজিববর্ষ উপলক্ষে কি কি কর্মসুচি গ্রহন করা হবে তারই আলোকে আলোচনা করা হয়। সভায় সভাপতিত্ব করেন পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন।

সভাপতির বক্তব্যে মেয়র বলেন, মুজিববর্ষে মেহেরপুর পৌর সভার প্রতিটি জনগনের জন্য সুশান্তি নিশ্চিত করা হবে।

বুধবার সকালে পৌরসভা এলাকাকে পরিষ্কার পরিছন্ন করার মাধ্যমে মুজিববর্ষের প্রথম কর্মসূচি বাস্তবায়ন করা হবে।

জাতির পিতা শেখ মুজিবুর রহমান এর প্রতি যথাযথ সম্মান প্রদর্শন করে মুজিববর্ষে দৃষ্টান্তমূলক কর্মসূচি বাস্তবায়ন করা হবে।

অন্যদের মধ্যে বক্তব্য দেন পেনেল মেয়র শাহিনুর রহমান রিটন, সচিব তৌফিকুর রহমান, মেহেরপুর পৌরসভার প্রধান প্রকৌশলী হারুন-অর রশিদ,

২নং ওয়ার্ডের কাউন্সিলর আল-মামুন, ৫নং ওয়ার্ডের কাউন্সিলর জাফর ইকবাল, ৭নং ওয়ার্ডের কাউন্সিলর নুরুল আশরাফ রাজিব, ৪ নং ওয়ার্ডের কাউন্সিলর ইভান, ৯ নং ওয়ার্ডের কাউন্সিলর ডলার ।

মেহেরপুর পৌরসভার সকল কর্মকর্তা ও কাউন্সিলর গন এসময় উপস্থিত ছিলেন।

- নিজস্ব প্রতিনিধি

[redacted]

[redacted]

আলমডাঙ্গায় কনের পিতাকে ৫ হাজার জরিমানা

আলমডাঙ্গায় নবম শ্রেণীর ছাত্রীর বাল্য বিবাহ অনুষ্ঠান পন্ডু করেছে উপজেলা প্রশাসন।

গতকাল সোমবার দুপুরে এ বিয়ের আয়োজনের অপরাধে কনের পিতাকে ৫ হাজার জরিমানা করেছে। এসময় উপস্থিত ছিলেন, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সিমা শারমিন, থানার অফিসার ইনচার্জ সৈয়দ আশিকুর রহমান, এসআই গোলাম মোস্তফাসহ সঙ্গীয় ফোর্স।

স্থানীয়রা জানান, আলমডাঙ্গা উপজেলার বেলগাছী ইউনিয়নের ডামোশ গ্রামের আরমান হোসেনের নাবালীকা মেয়ে আলেয়া খাতুন (১৫) এরশাদপুর একাডেমি মাধ্যমিক বিদ্যালয়ের নবম শ্রেণীর ছাত্রী।

গত বছর জেএসসি পরিক্ষায় উত্তীর্ণ হয়ে এবার নবম শ্রেণীতে ভর্তি হয়। ইতো মধ্যে আলমডাঙ্গার ডামোশ গ্রামেবাল্য বিবাহ নিরোধ কমিটি গঠন করে গ্রামের কিছু উঠতি বয়সী স্কুল ছাত্রীরা।

বাল্য বিবাহে শিকার স্কুল ছাত্রী ওই বাল্য বিবাহ নিরোধ কমিটির সদস্য। স্থানীয় ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদকের ভাই শাহিন তার নেতাকর্মীরা জোরপূর্বক স্কুল ছাত্রীর বিয়ে দিবে বলে ফুঁসলে তোলে ছাত্রীর পিতাকে।

আলমডাঙ্গার খাদেমপুর ইউনিয়নের রংপুর গ্রামের রনি (২৬) দীর্ঘদিন যাবৎ ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদকের মাছের খামার দেখাশোনা করেন। এরই সূত্র ধরে, আরমানের নাবালীকা মেয়ে আলেয়ার সাথে রংপুর গ্রামের রনির সাথে আনুষ্ঠানিকতার মাধ্যমে বিবাহ আয়োজন করে।

এরই সংবাদের ভিত্তিতে, স্থানীয় পত্রিকার কয়েকজন সাংবাদিক রবিবার সন্ধ্যায় ওই বাল্য বিবাহ বাড়ি উপস্থিত হয়ে নাবালীকার জন্মনিবন্ধন ও স্কুল সার্টিফিকেট দেখতে চাইলে

ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদকের ভাই শাহিন ও তার লোকজন সাংবাদিকদের বিভিন্ন সামাজিক ভাবে হেউ প্রতিপন্ন করে। এলাকার লোকজনতার সামনে দম্ভক্তি দেখিয়ে বলে, পুলিশ এসে দেখি কি ভাবে

বিবাহ বন্ধ করে।

এদিকে, ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মাহমুদুল হাসান চঞ্চল ইমোতে ওমরা হজপালনরত অবস্থায় সাংবাদিকদের সাথে অশ্লীল ভাবে আচরণ করেন।

এই ঘটনার পরই স্থানীয় সাংবাদিকেরা নারী ও শিশু নির্যাতন ও বাল্য বিবাহ প্রতিরোধ আইন মন্ত্রানালয়ে, আলমডাঙ্গা উপজেলা নির্বাহি অফিসার লিটন আলী, সহকারী কমিশনার (ভূমি), আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ সৈয়দ আশিকুর রহমানকে বাল্য বিবাহের বিষয়টি অবগত করেন।

বাল্য বিবাহ এর ঘটনায় এরশাদপুর একাডেমির প্রধান শিক্ষক সামিম হোসেন বলেন, আমরা সরাসরি বিবাহ ভাঙতে পারি না। আমরা সকল শিক্ষকই বাল্য বিবাহ না দেওয়ার পক্ষে। তিনি নিশ্চিত করেন, আলেয়া খাতুন এরশাদপুর স্কুলের ৯ম শ্রেণীর ছাত্রী।

এই ঘটনায় আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ সৈয়দ আশিকুর রহমান জানান, ‘ঘটনাস্থলে পুলিশ গিয়ে বিবাহ পন্ড করে দিয়েছে। কেউ বলছে ৩মাস পূর্বে বিবাহ হয়ে গেছে। কিন্তু অল্প বয়সে বিবাহ দেওয়া হয়েছে তার কাগজ পত্র পাইনি। যে কাজি বিবাহ পড়িছে তাকে পুলিশ খুঁজছে।

আলমডাঙ্গা উপজেলা সহকারী কমিশনার (ভূমি)সিমা শারমিন বলেন, ‘গোপন সংবাদের ভিত্তিতে খবর পেয়ে বাল্য বিয়েটি বন্ধ করা হয়েছে।

পরিবারের সদস্যদের বাল্য বিয়ের কূফল সম্পর্কে অবগত করা হয়। পরে উভয় পক্ষের অভিভাবকরা কিশোরীর বিয়ের বয়স ১৮ না হওয়ার আগে বিয়ে দিবে না বলে মোচলেকা প্রদান করেন। বাল্য বিবাহ নিরোধ আইন ১৯২৯ সনের ৬ এর ১ ধারায় কনের বাবাকে নগদ পাঁচ হাজার টাকা জরিমানা করা হয়েছে ।

- আলমডাঙ্গা প্রতিনিধি

জীবননগরে প্রবীণদের মাঝে শীতবস্ত্র বিতরণ করলেন জেলা প্রশাসক

জীবননগরে প্রবীণদের মাঝে শীতবস্ত্র কম্বল, বয়স্কভাতা ও হুইল চেয়ার বিতারণ করা হয়েছে।

গতকাল সোমবার দুপুর ২টার সময় জীবননগর উপজেলার বাঁকা ইউনিয়ন প্রবীণ কমিটির আয়োজনে বাঁকা ইউনিয়ন পরিষদ চত্তরে কম্বল বিতরণ করা হয়।
বাঁকা ইউনিয়ন প্রবীণ কমিটির সভাপতি সাবেক শিক্ষক রশিদুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার। তিনি প্রবীণদের মাঝে শীতবস্ত্র কম্বল, বয়স্ক ভাতা ও প্রতিবন্ধীদের মাঝে হুইল চেয়ার বিতরণ করেন।

এ তিনি বলেন, প্রশাসন এখন জনবান্ধব সাধারণ জনগনের সেবার জন্য প্রশাসন সব সময় প্রস্তুত। প্রবীণদের জীবনমান উন্নয়নরে জন্য আমাদের সকলকে এগিয়ে আসতে হবে।

নুজরাত পারভিনের উপস্থাপনায় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা নির্বাহী অফিসার সিরাজুল ইসলাম, জীবননগর প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক এম আর বাবু, জীবননগর থানা আওয়ামী লীগের সভাপতি গোলাম মোতুর্জা, বাঁকা ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি সাখাওয়াত হোসেন ফরজ, বাঁকা ইউপি সদস্য আব্দুল মান্নান, ওয়েভ ফাউন্ডেশনের সমন্বকারী কামরুজ্জামান যুদ্ধ প্রমুখ।

- জীবননগর প্রতিনিধি

[redacted]

[redacted] [redacted] [redacted] [

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য খালেদা খানম, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আবুল বাসার। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন জেলা তথ্য অফিসার আবু বকর সিদ্দীক।

তথ্য মন্ত্রণালয়ের গণযোগাযোগ অধিদপ্তরের ‘নারী ও শিশু উন্নয়নে সচেতনতামুলক যোগাযোগ কার্যক্রম’ কর্মসূচির আওতায় ২ দিন ব্যাপী এ শিশু মেলায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও সরকারি দপ্তরের ১৬ টি স্টলে শিক্ষাউপকরণ প্রদর্শণ করা হচ্ছে।

- ঝিনাইদহ প্রতিনিধি

শৈলকুপায় সরকারী রাস্তার গাছ কর্তনের অভিযোগ

ঝিনাইদহের শৈলকুপায় কথিত গাছ ব্যবসায়ী আলীম উদ্দিনের বিরুদ্ধে সরকারী রাস্তার গাছ কর্তনের অভিযোগ পাওয়া গেছে।

জানা যায়, সারুটিয়া ইউনিয়নের বড় মৌকুড়ী গ্রামের হত দরিদ্র ভাদু সেখের ছেলে আলীম উদ্দিন বর্তমান এলাকার নব্য লাখপতি। যিনি সামান্য ‘স’ মিলের মিস্ত্রি থেকে শুধু গাছ চুরি কাঠ চুরিই নয়, নানা অপরাধে জড়িয়ে রাতের আধারে শুন্য থেকে এলাকার রাজনৈতিক নেতাবনে গেছে।

সন্ত্রাসী প্রভাব বিস্তার করে একাধিকবার সে ও তার স্ত্রী ইউনিয়ন পরিষদ নির্বাচন করে স্থানীয় নেতার মদদে বিভিন্ন অপকর্ম করেই চলেছে।

এলাকা ঘুরে জানা গেছে, আলীম উদ্দিন একসময় জাতীয়পার্টি ও পরবর্তিতে বিভিন্ন দলের সমর্থক হিসেবে নানা সুবিধা ভোগ করেছে। বর্তমান সরকার ক্ষমতায় আসার পর সুবিধাবাদী দালালচক্রের সাথে আতাত করে বর্তমানে বিশাল আওয়ামী নেতার স্বীকৃতি পেয়েছে।

এলাকার প্রভাব খাটিয়ে সালিশ ব্যবসায় সে দারুন সফলতা অর্জন করেছে।

তবে রাতের আধারে সরকারি রাস্তার গাছচুরি করে বিক্রি করা কখনো ‘স’ মিলে চেরাই করে সুবিধামত চালান করাই তার প্রধান পেশা। এপেশায় জড়িত রয়েছে একাধিক দালাল ও রাজনৈতিক চক্র, যারা আলীম উদ্দিনকে প্রত্যক্ষ-পরোক্ষভাবে সহযোগিতা করে আসছে।

বিশেষ করে আলীম উদ্দিন কাঠব্যবসার আড়ালে মূলত সরকারি গাছপালা কেটে ভাগবাটোয়ারা করার অন্যতম নেতা।

তার বিক্রিত কাঠ ও টাকার ভাগ নিয়ে কাতলাগাড়ী বাজার ও মৌকুড়ী গ্রামে একাধিকবার সালিশ বৈঠক হয়েছে। যেহেত প্রভাবশালী রাজনৈতিক নেতার মদদে চলে এসব অপকর্ম সে কারনে আলীম উদ্দিন ধরাকে সরাজ্ঞান করতে কারো ধার ধারেনা।

গত ২৮ ডিসেম্বর বড় মৌকুড়ী গ্রামের অন্যতম প্রধান রাস্তা যার আইডি নং-২৪৪৮০৪১১২, ব্রহ্মপুর (মৌবন হাই স্কুল) জিপিএস, বড় মৌকুড়ী সড়ক থেকে বেশকিছু মেহগনি গাছ সাবার করে দিয়েছে।

এ বিষয়ে তার বিরুদ্ধে অভিযোগ ওঠায় স্থানীয় চেয়ারম্যানের নিকট থেকে সরকারি রাস্তা নয় রেকর্ডিও সম্পত্তি বলে চালিয়ে দেওয়ার জন্য নামমাত্র একটি অনুমতিও নাকি নিয়েছে।

তাছাড়া রাস্তা যদি সরকারি না হবে তাহলে ওই রাস্তায় টেন্ডার হয় কিভাবে আর এলজিইডি’র রাস্তার আইডি নম্বর কোথা কি ভাবে হলো? একাধিকবার রাস্তাটিতে সরকারি মাটির কাজ হয়েছে কিভাবে এমন নানা প্রশ্ন এলাকাবাসীর মুখে মুখে ছড়িয়ে পড়েছে।

গাছ সংশ্লিষ্ট অভিযোগ করায় বর্তমানে আলীম উদ্দিন প্রভাব খাটিয়ে বড় মৌকুড়ী গ্রামের একটি পরিবারকে জিম্মি করার পায়তারা চালাচ্ছে বলেও অভিযোগ উঠেছে।

এ ব্যাপারে সরকারি রাস্তার গাছ সাবাড়ের অভিযোগ অস্বীকার করে আলীম উদ্দিন জানান, সে একজন গাছ ব্যবসায়ী তবে চুরি কারবারির সাথে জড়িত নেই। তাছাড়া সন্ত্রাসী প্রভাব খাটানোর বিষয়টি সে এড়িয়ে যায়।

এব্যাপারে সারুটিয়া ইউনিয়নের চেয়ারম্যান মাহমুদুল হাসান মামুন বলেন রাস্তাটি এখনো সরকারী করনের আওতায় আসেনি স্থানীয় ভূমি অফিসের আওতায় রয়েছে। জমির মালিক এই গাছ বিক্রয় করেছে। আর আলিম উদ্দীন এই গাছ কিনেছে বলে আমি জানি।

-□□□□□□□□ □□□□□□□□□□